# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।

স্মারক নং- কোপৌ/WC/UGIIP-III/ তারিখঃ ০৭/০৬/২০২০ইং

## নোটিশ

এতদ্বারা কোটালীপাড়া পৌরসভার ৭ নং ওয়ার্ড কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাইতেছে যে, আগামী ০৭/০৬/২০২০ ইং তারিখ রোজ রবিবার সময় বিকাল ০৪:০০ ঘটিকার সময় কাউন্সিলর সাহেবের বৈঠক খানায় ৭নং ওয়ার্ড কমিটির সভা অনুষ্ঠিত হইবে।

উক্ত সভায় সম্মানিত সদস্যবৃন্দকে স্বাস্থ্য বিধি মেনে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হইল ।

আলোচ্য বিষয়সমূহঃ- ১) বিগত সভার কার্যবিবরনী পাঠ ও বিতরন।
২) ৭নং ওয়ার্ডের বস্তি উন্নয়ন কাজের অগ্রগতি প্রসেঙ্গ আলোচনা।
৩) কোভিড-১৯ করোনা ভাইরাস প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি প্রসেঙ্গ আলোচনা।
৪) বিবিধ;

7.6.2020
(মোঃ মনিরুজ্জামান)
৭ নং ওয়ার্ড কাউন্সিলর
ও
সভাপতি
৭ নং ওয়ার্ড কমিটির
কোটালীপাড়া পৌরসভা
কোটালীপাড়া, গোপালগঞ্জ।

প্রাপক ঃ জনাব--------------------------------

--------------------------------

সদস্য/ সদস্য-সচিব
৭ নং ওয়ার্ড কমিটি
কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য ঃ
১। মেয়র, কোটালীপাড়া পৌরসভা , কোটালীপাড়া , গোপালগঞ্জ।
২। সচিব, কোটালীপাড়া পৌরসভা ,গোপালগঞ্জ।
৩। নির্বাহী প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা , গোপালগঞ্জ।
৪। সংশিষ্ট নথি ।

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া, গোপালগঞ্জ।
ফোন নং- ০২৬৬৮৫১২৬৭ (অফিস), ০২৬৬৮৫১৩২৫ (বাসা), ফ্যাক্স ঃ ০২৬৬৮৫১২৬৭
E-mail: mayor_kotali.poura@yahoo.com

## তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্প (UGIIP-III)

৭নং ওয়ার্ড কমিটির সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা সিট

তারিখ ঃ ০৭/০৬/২০২০ইং, সময় ঃ বিকাল ০৪.০০ ঘটিকা

| ক্রঃনং | নাম | পদবী | কমিটির পদবী | মোবাইল নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আক্তারুজ্জামান | কাউন্সিলর ৭ নং ওয়ার্ড কোটালীপাড়া পৌরসভা | সভাপতি | ~~০১৭১৩ ৫৪৫৪৮৮~~ | ০৭/০৬/২০২০ইং |
| ০২ | জনাব রাবেয়া বেগম | কাউন্সিলর সংরক্ষিত-০২ কোটালীপাড়া পৌরসভা | সহ সভাপতি | ০১৯২০ ৯৩৬৫৩৩ | ০৭/০৬/২০২০ইং |
| ০৩ | জনাব সুলতান খন্দকার | নাগরিক সমাজের প্রতিনিধি | সদস্য | | ০৭/০৬/২০২০ইং |
| ০৪ | জনাব নুরুন্নাহার বেগম | নাগরিক সমাজের প্রতিনিধি | সদস্য | | ০৭/০৬/২০২০ইং |
| ০৫ | জনাব খান মোঃ মোস্তফা | পেশাজীবি প্রতিনিধি | সদস্য | | ০৭/০৬/২০২০ইং |
| ০৬ | জনাব সোহেলী পারভীন পান্না | পেশাজীবি প্রতিনিধি | সদস্য | | ০৭/০৬/২০২০ইং |
| ০৭ | জনাব রুহুল আমিন | নগর দরিদ্র প্রতিনিধি | সদস্য | | ০৭/০৬/২০২০ইং |
| ০৮ | জনাব আবুল হোসেন | নগর দরিদ্র প্রতিনিধি | সদস্য | | ০৭/০৬/২০২০ইং |
| ০৯ | জনাব ফাতেমা শেখ | নগর দরিদ্র প্রতিনিধি | সদস্য | | |
| ১০ | জনাব মাজাহারুল ইসলাম | উপ-সহঃ প্রকৌশলী, কোটালীপাড়া পৌরসভা। | সদস্য -সচিব | ০১৭১১ ৯৩৯৮৩২ | |

# কোটালীপাড়া পৌরসভা কার্যালয়

কোটালীপাড়া , গোপালগঞ্জ

৭নং ওয়ার্ড কমিটি (WC) এর সভা

তারিখঃ ০৭/০৬/২০২০ ইং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ADB এবং OFID - এর সহায়তাপুষ্ট তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্প (UGIIP-3) এর আওতায় কোটালীপাড়া পৌরসভার ওয়ার্ড কমিটি (WC) এর সভার কার্যক্রম জনাব আক্তারুজ্জামান ৭নং ওয়ার্ড কাউন্সিলর এর সভাপতিত্বে কাউন্সিলর সাহেবের বৈঠক খানায় ০৭/০৬/২০২০ ইং তারিখে বিকাল ০৪.০০ ঘটিকার সময় শুরু হয়।

আলোচ্য বিষয়সমূহ ঃ- ১) বিগত সভার কার্যবিবরনী পাঠ ও বিতরন।
২) ৭নং ওয়ার্ডের বস্তি উন্নয়ন কাজের অগ্রগতি প্রসেঙ্গ আলোচনা।
৩) কোভিড-১৯ করোনা ভাইরাস প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি প্রসেঙ্গ আলোচনা।
৪) বিবিধ;

7.6.2020

(মোঃ আক্তারুজ্জামান)
সভাপতি
৭নং ওয়ার্ড কমিটি
ও
৭নং ওয়ার্ড কাউন্সিলর
কোটালীপাড়া পৌরসভা ।

WC কমিটির সদস্যদের নাম

০১। জনাব রাবেয়া বেগম, সহ-সভাপতি

০২। জনাব সুলতান খন্দকার -সদস্য

০৩। জনাব নুরুন্নাহার বেগম, সদস্য

০৪। জনাব খান মোঃ মোস্তফা, সদস্য

০৫। জনাব সোহেলী পারভীন পান্না, সদস্য

০৬। জনাব রুহুল আমিন, সদস্য

০৭। জনাব আবুল হোসেন, সদস্য

০৮। জনাব ফাতেমা শেখ, সদস্য

০৯। জনাব মাজাহারুল ইসলাম, সদস্য -সচিব ।

-কার্যবিবরণী-

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব ও সময় |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরনী পাঠ ও বিতরন। | অদ্য ০৭/০৬/২০২০ ইং বিকাল ০৪:০০ ঘটিকার সময় বাংলাদেশ সরকার, ADB এবং OFID - এর সহায়তাপুষ্ট UGIIP-3 এর আওতায় কোটালীপাড়া পৌরসভার ০৭ নং ওয়ার্ড কমিটি (WC) এর সভা জনাব আক্তারুজ্জামান, ৭ নং ওয়ার্ড কাউন্সিলর এর সভাপতিত্বে শুরু হয় এরপর তিনি বিগত সভার কার্যবিবরনী পাঠ ও বিতরন করেন। | | সচিব |
| ০২ | ৭ নং ওয়ার্ডের বস্তির উন্নয়ন মূলক কাজ বাস্তবায়ন প্রসঙ্গে আলোচনা। | WC 'র সম্মানিত সদস্য সচিব জনাব মাজাহারুল ইসলাম বলেন- কোটালীপাড়া পৌরসভাধীন ৭ নং ওয়ার্ডে অবস্থিত মধ্যেকয়খা বস্তিতে রাস্তা (ফুটপাত) নির্মান, পাকা ড্রেইন নির্মাণ, স্বাস্থ্য সম্মত ল্যাট্রিন নির্মাণ, হস্তচালিত নলকূপ/গভীর নলকূপ স্থাপন, ডাষ্টবিন নির্মাণ, রাস্তার (সোলার) সড়কবাতি স্থাপন ভৌত কাজ এসআইসির মাধ্যমে বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। মধ্যে কয়খা বস্তির স্বাস্থ্য সম্মত টয়লেটের কাজ, রাস্তা (ফুটপাত) নির্মান কাজ এবং হস্তচালিত নলকূপ/গভীর নলকূপ স্থাপন এবং অন্যান্য ভৌত কাজ চলমান। প্রতিটি কাজের গুনগতমান অনেক ভালো। | ৭ নং ওয়ার্ডের বস্তির বিভিন্ন উন্নয়ন মূলক কাজ সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/ নির্বাহী প্রকৌশলী/ বস্তি উন্নয়ন কর্মকর্তা |
| ০৩ | কোভিড-১৯ করোনা ভাইরাস প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি প্রসেঙ্গ আলোচনা। | WC সম্মানিত সভাপতি জনাব আক্তারুজ্জামান বলেন- বর্তমানে বিশ্বে কোভিড-১৯ নভেল করোনা ভাইরাস মহামারি আকার ধারণ করেছে। বিশ্বের ১৫০টিরও অধিক দেশে প্রভাব বিস্তার করেছে। সেই সূত্রে আমাদের প্রিয় মাতৃভূমি বাংলাদেশেও এই ভাইরাসটির বিস্তার ঘটেছে। অত্যন্ত দুঃখের সাথে বলতে হচ্ছে যে- দেশে আক্রান্তের সংখ্যা ১ লক্ষ ছাড়িয়ে এবং মৃত্যুর সংখ্যা ১ হাজার অতিক্রম করেছে। তবে সস্তির কথা করোনা আক্রান্ত রোগী সুস্থ্য হয়েছেন ৫০ হাজারের বেশি। সকলের সম্মিলিত প্রচেষ্টায় এই মহামারী থেকে পরিত্রাণ পাওয়া সম্ভব। আর এ জন্য চাই সকলের সচেতনতা।<br>এ প্রসঙ্গে WC'র সম্মানিত জনাব ফাতেমা শেখ আরো বলেন- নভেল করোনা ভাইরাস নিয়ে অযথা আতঙ্কিত না হয়ে, এই করোনা ভাইরাস কি ভাবে ছড়ায় তা জানা জরুরী- * হাঁচি-কাশির ফলে, বাতাসের মাধ্যমে, *আক্রান্ত ব্যক্তিকে স্পর্শ করলে, * করোনা ভাইরাস আছে এমন কিছু স্পর্শ করে হাত না ধুয়ে মুখে, নাকে বা চোখে স্পর্শ করলে, * পয়:নিষ্কাশন ব্যবস্থার মাধ্যমে ইত্যাতি। পাশাপশি করোনা ভাইরাসের লক্ষন যেমন - মাথাব্যথা, শুষ্ক কাশি, গলা ব্যথা, পেশীতে ব্যথা, শ্বস কষ্ট, জ্বার ও ক্লান্তি বোধ দেখা দিয়ে বাড়ীর নিকটবর্তী যেকোন হাসপাতালে যত দ্রুত সম্ভব যেতে হবে। প্রয়োজনে হট লাইন নম্বর ০১৯২৭৭১১৭৮৪, ০১৯২৭৭১১৭৮৫ এ যোগাযোগ করতে হবে। এই মহামারী করোনা ভাইরাসেন লক্ষন দেখা দিলে অবশ্যই সকলের থেকে নিজেকে আলাদা রাখতে হবে।<br>করোনা ভাইরাস সংক্রমন প্রতিরোধের বিষয়ে গুরুত্ব দিয়ে WC'র সম্মানিত সদস্য জনাব খান মো: মোস্তফা বলেন- * জরুরী চিকিৎসা সেবা দরকার না হলে ঘরেই থাকুন, * বাড়িতে অন্যদের থেকে নিজেকে আলাদা রাখুন, নিজের ব্যবহার্য জিনিসপত্র আলাদা করে রাখুন, একটু পর পর ২০ সেকেন্ড ধরে সাবান বা জীবানুনাশক দিয়ে হাত ধুয়ে ফেলুন, * হাঁচি-কাশি দেওয়ার সময় রুমাল বা টিস্যু দিয়ে মুখ ঢেকে রাখুন, * সবসময় মাস্ক ব্যবহার করুন, * আপনার স্বাস্থ্য উপসর্গ নিয়মিত পর্যবেক্ষণ করুন, * যে কোন প্রাণী থেকে নিজেকে দূরে রাখুন, * ডাক্তারের কাছে যাওয়ার আগে তাকে জানিয়ে যান।<br>* যতবেশী পারেন আপনার কণ্ঠনালীকে আদ্র করে রাখুন, কোন অবস্থাতেই শুষ্ক হতে দেয়া যাবে না। * কাজেই তৃষ্ণা পেলেই পানি পান করুন। কণ্ঠনালী যদি শুষ্ক থাকে তবে মাত্র | সংশ্লিষ্ট ৭ নং ওয়ার্ডে কোটালীপাড়া পৌরসভার সম্মানীত মেয়র মহোদয়ের সার্বিক তত্ত্বাবধায়নে করোনা ভাইরাস প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং পরিস্থিতি বিবেচনায় আগামীতে প্রয়োজন অনুযায়ী পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সচিব/ নির্বাহী প্রকৌশলী/ বস্তি উন্নয়ন কর্মকর্তা/ স্যানিটারী ইন্সপেক্টর |

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | দায়িত্ব ও সময় |
|---|---|---|---|---|
| | | দশ মিনিটেই আপনি এই ভাইরাসে আক্রান্ত হতে পারেন। *৫০ থেকে ৮০ সিসি হালকা গরম পানি পান করুন আর ছোটদের জন্য ৫০ সিসির মধ্যে। *যখনই আপনি মনে করছেন আপনার কণ্ঠনালী শুষ্ক হয়ে আসছে অপেক্ষা না করে দ্রুত পানি পান করুন। * সবসময় হাতের কাছে বিশুদ্ধ পানি রাখুন। * একবারে প্রচুর পানি পান করে লাভ নেই, বরং অল্প অল্প বিরতিতে অল্প অল্প পান করে কণ্ঠনালীকে সব সময় ভিজিয়ে রাখুন। * জনাকীর্ণ জায়গা থেকে দূরে থাকুন। * ট্রেন, বাস এবং যে কোন পাবলিক ট্রান্সপোর্টেশানে মাস্ক পরুন। * ভাজাপোড়া এড়িয়ে চলুন। * যে সব খাবারে প্রচুর ভিটামিন সি আসে সেই খাবারগুলো বেশী করে খান।<br>আসলে এভাবেই আমরা করোনা ভাইরাস থেকে দূরে থাকতে পারি। সকলকে ধন্যবাদ। | | |
| ০৪ | বিবিধ | বিবিধে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন। | | |

7.6.2020

(মো: [illegible]রুজ্জামান)
সভাপতি
৭নং ওয়ার্ড কমিটি
ও
৭নং ওয়ার্ড কাউন্সিলর
কোটালীপাড়া পৌরসভা ।